

ব্যাঙ্গমা, ব্যাঙ্গমীর গল্প

শাবকেরা দূরে যেতে ব্যাঙ্গমী বলে উঠলো  
শোনো—  
ফিল্ড -এ না দিয়ে বুড়ো সুবিধাই ক'রে গ্যাছে  
কাঁথার মধ্যে ঢাকা রেখে।  
একে তো জানবেনা কেউ  
তছাড়া ইচ্ছেমতো সর্ট-টার্ম স্কীমে রাখা যাবে

ব্যাঙ্গমা বলে না-না, বামেলার কাজ নেই  
এম. আই. এস - ই করো  
—কেন আই.সি.আই.সি.আই  
সেও নাকি ভালো?  
সে না -হয় হলো, কিন্তু দাদা লকারের মধ্যে  
যেটা রেখেছিল?  
—ভয় নেই, দুপুরেই পোস্টাপিসে গিয়ে  
সাড়ে - দশ এস বি-তে ঢুকিয়ে দিয়েছি

এ - ঘরে এবার তবে বড় খোকাদেরই শুতে দেবে?  
— আরে না - না, ছোট এক— রাত ক'রে ফেরে  
পুরো গোটা দিনটাই আমাদের শোয়া - বসা হবে

একটাই মুশকিল, চলতি আর.ডি-টার  
আট মাস বাকি....  
—আচ্ছা, তোমার দাদা নমিনিতে টাইটেল  
'চৌধুরী' করে রাখেনিতো?

.....  
চতুর্দশীর রাত, তৃতীয় প্রহরে  
পোষা তক্ষক ডেকে ওঠে।  
উঠোনে জামল গাছে কাল পেঁচা চোখ পাল্টায়.....

শ্যামলকুমার বিশ্বাস

